প্রথম আলো
FEB. 9 1999

তারিখ ... FEB. ৯, ৯৯ ...
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষা জরিপ '৯৯ উপলক্ষে কর্মশালা

জাতীয় শিক্ষা জরিপ '৯৯ উপলক্ষে তিন দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা গতকাল রোববার থেকে বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) সভাকক্ষে শুরু হয়েছে।

এ উপলক্ষে গতকাল সকালে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন আহমেদ। শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের প্রধান গোপালচন্দ্র সেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় স্বাগত বক্তব্য রাখেন ব্যানবেইস-এর পরিচালক অধ্যাপক মুহম্মদ শফিউল আলম। অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএনডিপি'র প্রতিনিধি ওসমান গনি। এ কর্মশালার প্রথম পর্যায়ে ৩২ জন জেলা শিক্ষা অফিসার, ৪ জন আঞ্চলিক উপ-পরিচালক ও ২ জন আঞ্চলিক পরিদর্শক অংশ নিচ্ছেন। বিজ্ঞপ্তি।